# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 19 May, 2025

নোয়াখালী জেলা ক্রীড়া সংস্থার নয় সদস্যের এডহক কমটি অনুমোদন দেয়া দেয়া হয়েছে।

সোমবার (১৯ মে) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের জাতীয় ক্রীড়া পরিষদের পক্ষ থেকে এ কমিটির অনুমোদন দেয়া হয়।

কমিটির সদস্যগণ হচ্ছেন, পদাধিকার বলে আহবায়ক জেলা প্রশাসক নোয়াখালী, পদাধিকার বলে সদস্য সচিব নোয়াখালী জেলা ক্রীড়া কর্মকর্তা। অন্যান্য সদস্যগণ হলেন- সাবেক ক্রিকেটার ও সংগঠক অধ্যাপক নিজাম উদ্দিন পিন্টু, সাবেক ফুটবল ও ভলিবল খেলোয়ার মো.ইকবাল হোসেন, ক্রীড়া সংগঠক নুরুল আমিন খান, সংগঠক ইঞ্জিনিয়ার খালেদুজ্জামান, সংগঠক ইমরান হোসাইন তুহিন, ছাত্র প্রতিনিধি আরিফুল ইসলাম ও ক্রীড়া সাংবাদিক ও এখন টেলিভিশনের নোয়াখালী প্রতিনিধি এ এস এম নাসিম।

জাতীয় ক্রীড়া পরিষদের সচিব মো.আমিনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, জাতীয় ক্রীড়া পরিষদ আইন,২০১৮ এর ধারা- ২ (১৫) এ উল্লেখিত গঠনতন্ত্র মোতাবেক এই কমিটি অনুমোদিত হয়েছে।

ক্রীড়া সংস্থা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:20

URL: https://www.timestodaybd.com/chittagong/2708775807